

# খসড়া ভোটার তালিকা হালনাগাদ - ২০১৫

হালনাগাদ খসড়া ভোটার তালিকা ০২ জানুয়ারি ২০১৫ প্রকাশ করা হয়েছে। সর্বসাধারণের দেখার জন্য খসড়া তালিকা জেলা/উপজেলা/থানা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভার ওয়ার্ড কাউন্সিল/ ইউনিয়ন পরিষদ কার্যালয়ে রাখা আছে। এছাড়া [www.ec.org.bd](http://www.ec.org.bd), [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd), [www.services.nidw.gov.bd](http://www.services.nidw.gov.bd) ওয়েব সাইট সমূহে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। যে কেউ ওয়েব সাইট ভিজিট করে প্রয়োজনে সংশোধনকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে পারেন।

## খসড়া ভোটার তালিকায়-

ভোটার হওয়ার যোগ্য কারো নাম বাদ পড়ে থাকলে;

কারো জন্ম তারিখ, ঠিকানা, পিতা মাতার নাম বা অন্য কোন তথ্য ভুল থাকলে;

কোন মৃত ব্যক্তির নাম ভোটার হিসাবে উল্লেখ থাকলে;

ভোটারের ঠিকানা স্থানান্তরের প্রয়োজন হলে;

কোন ভোটারের বিষয়ে আপত্তি থাকলে-

অন্তর্ভুক্তি, সংশোধন, কর্তন, আপত্তি বা স্থানান্তরের বিষয়ে আগামী ১৭ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে

নির্ধারিত ফরমে সংশোধনকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে পারবেন।

রোহিঙ্গাসহ কোন বিদেশি নাগরিক ভোটার তালিকাভুক্ত হয়ে থাকলে তা কর্তনের জন্য সংশোধনকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন জানান। এছাড়া কোন রোহিঙ্গার ভোটার হওয়ার বিষয়ে কোন তথ্য থাকলে বা সন্দেহ হলে তা সংশোধনকারী কর্তৃপক্ষকে অবহিত করুন।

সংশোধনকারী কর্তৃপক্ষ : দাবি, আপত্তি ও সংশোধন সংক্রান্ত আবেদন নিষ্পত্তির জন্য সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা/ উপজেলা নির্বাহী অফিসার এবং সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট এলাকার জন্য আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত জেলা প্রশাসক/ ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার এবং কতিপয় বিশেষ এলাকার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটগণকে সংশোধনকারী কর্তৃপক্ষ নিয়োগ করা হয়েছে। আবেদনকারীকে তার এলাকার সংশ্লিষ্ট সংশোধনকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে।

খসড়া তালিকার উপর দাবী আপত্তি বিষয়ে আবেদন ২২ জানুয়ারি ২০১৫ এর মধ্যে নিষ্পত্তি শেষে আগামী ৩১ জানুয়ারি ২০১৫ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

হালনাগাদ ভোটার তালিকায় ভুল সংশোধনের এখনই সময়

খসড়া ভোটার তালিকা দেখে নিন, কোন ধরনের ভুল থাকলে সংশোধনের জন্য আবেদন করুন।

মনে রাখবেন ভোটার তালিকায় ভুল থাকলে আপনার জাতীয় পরিচয়পত্রেও ভুল থাকবে।



নির্বাচন কমিশন বাংলাদেশ